জাতীয় সম্মেলন

চা শ্রমিক ও স্বল্প-পরিচিত জাতিসত্তার পরিচয়, মানচিত্র ও অধিকার বিষয়ে পুনর্ভাবনা

১৭-১৮ এপ্রিল ২০১৬

স্থান: সিবিসিবি সেন্টার, দৃক গ্যালারী এবং সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণ

আয়োজক: **সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)**
১/১ পল্লবী (৬ষ্ঠ তলা), মিরপুর, ঢাকা-১২১৬
ফোন: ৮৮০-২-৯০২৬৬৩৬, ০১৭৯০১১০৫০১
ই-মেইল: sehd@sehd.org, ওয়েব: sehd.org

পার্টনার: **গ্রাম বিকাশ কেন্দ্র**। সহযোগী সংগঠন: **জাতীয় আদিবাসী পরিষদ, বাগানিয়া, মৌলভীবাজার চা জনগোষ্ঠী আদিবাসী ফ্রন্ট**।

EUROPEAN UNION

SEHD Society for Environment and Human Development

GBK গ্রাম বিকাশ কেন্দ্র GRAM BIKASH KENDRA

ICCO COOPERATION

প্রিয় সুধী,

'চা শ্রমিক ও স্বল্প-পরিচিত জাতিসত্তার পরিচয়, মানচিত্র ও অধিকার বিষয়ে পুনর্ভাবনা' শীর্ষক জাতীয় সম্মেলনে আপনাকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি। এই সম্মেলনের মূল অনুষ্ঠানগুলোর মধ্যে থাকছে জোড়া আলোকচিত্র প্রদর্শনী, বইয়ের প্রকাশনা উৎসব, আদিবাসীদের ভূমি বিরোধ নিয়ে নির্মিত তথ্যচিত্রের প্রথম প্রদর্শনী, সাংস্কৃতিক সন্ধ্যা এবং সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞদের আলোচনা ও বিশ্লেষণ।

এই সম্মেলনে আমরা চা বাগান ও দেশের অন্যান্য প্রান্তে ছড়িয়ে ছিটিয়ে থাকা জাতিগোষ্ঠীগুলোর উপর গবেষণা, অনুসন্ধান এবং মানচিত্রায়ণের সারসংক্ষেপ ও আলোকচিত্র উপস্থাপন করছি। চা শ্রমিক ও চা জনগোষ্ঠীসমূহ চা বাগানের 'বাঁধা' মানুষ এবং দেশের অন্যান্য অঞ্চলের স্বল্প-পরিচিত জাতিগোষ্ঠীর মানুষেরা প্রান্তিক, সামাজিকভাবে প্রায় অদৃশ্য এবং অনেক ক্ষেত্রে অস্পৃশ্য হিসাবে পরিগণিত। শোভন কাজের পরিবেশ, ন্যায্য মজুরি এবং ভূমি ও অন্যান্য সম্পদে অধিকারসহ বিভিন্ন ক্ষেত্রে বৈষম্য প্রজন্মের পর প্রজন্ম ধরে তাদের মধ্যে সক্ষমতার বঞ্চনা সৃষ্টি করেছে। এই সম্মেলনের মাধ্যমে আরো যে গুরুত্বপূর্ণ বার্তা সকলের কাছে পোঁছে দেবার চেষ্টা হচ্ছে তা হলো এদের নানা ভাষা ও বৈচিত্র্যময় সংস্কৃতি বাংলাদেশের সংস্কৃতিকে নানাভাবে সমৃদ্ধ করেছে এবং সেকারণে এরা রাষ্ট্রীয় স্বীকৃতি ও সুরক্ষার দাবি রাখে।

প্রধান তথ্য কমিশনার অধ্যাপক গোলাম রহমান, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস-এর এমিরিটাস অধ্যাপক ড. রফিকুল ইসলাম, বিশিষ্ট অর্থনীতিবিদ ড. হোসেন জিল্লুর রহমান, কথাসাহিত্যিক সেলিনা হোসেন, রাজনীতিবিদ পঙ্কজ ভট্টাচার্য, ইউরোপিয়ান ইউনিয়নের প্রতিনিধি এবং ইকো কো-অপারেশন নেদারল্যান্ডসের বাংলাদেশ প্রতিনিধি হেলেন দের বিক এই সম্মেলনের বিভিন্ন অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন।

সম্মানিত অতিথি ও বিশিষ্টজনের মধ্যে আরো থাকবেন সুশীল সমাজের নেতৃবৃন্দ, শিক্ষাবিদ, অর্থনীতিবিদ, আইনজীবী, চলচ্চিত্র নির্মাতা এবং মানবাধিকার কর্মী। সম্মেলনে অন্যান্যদের সঙ্গে অংশ নেবেন অন্তত ৫০টি জাতিসত্তার প্রতিনিধিবৃন্দ।

১৭ এবং ১৮ এপ্রিল ২০১৬ অনুষ্ঠেয় সম্মেলনের বিভিন্ন অনুষ্ঠানে যোগ দিতে আপনাকে অনুরোধ করছি।

অধ্যাপক সাখাওয়াত আলী খান
সভাপতি, সেড

ফিলিপ গাইন
পরিচালক, সেড

অনুষ্ঠানসূচি

১৭ এপ্রিল ২০১৬ (রবিবার)

জোড়া আলোকচিত্র প্রদর্শনী ও সম্মেলনের উদ্বোধন

অন দি মার্জিনস: ইমেজেস অব টি ওয়ার্কার্স এ্যান্ড এথনিক কমিউনিটিস (প্রান্তের জাতিসত্তা: চা শ্রমিক ও ক্ষুদ্র জাতিসত্তার উপর আলোকচিত্র)

স্থান: দৃক গ্যালারী, বাড়ি ৫৮, রোড ১৫ এ (নতুন), ধানমণ্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯

২:৩০ নিবন্ধন

৩:০০ স্বাগত বক্তব্য এবং আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন

৩:১৫ আলোকচিত্র প্রদর্শনী নিয়ে উপস্থাপনা: ফিলিপ গাইন, পরিচালক, সেড

সভাপতি: ড. জাকির হোসেন রাজু, অধ্যাপক, মিডিয়া অ্যান্ড কমিউনিকেশন, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ

প্রধান অতিথি: অধ্যাপক মো. গোলাম রহমান, প্রধান তথ্য কমিশনার

বিশেষ অতিথি: ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি এবং হেলেন দের বিক, কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, ইকো কো-অপারেশন, বাংলাদেশ কার্যালয়

৩:৪৫ আলোচনা

সম্মানিত অতিথি: পাভেল রহমান, খ্যাতিমান আলোকচিত্রী; রেহনুমা আহমেদ, নৃবিজ্ঞানী ও লেখক; অধ্যাপক শহীদুল আলম, প্রধান, মিডিয়া ও যোগাযোগ বিভাগ, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ; রামভজন কৈরী, সাধারণ সম্পাদক, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন; সন্ধ্যা মালো, পরিচালক, ডব্লিউসিডিবি; এবং চিত্ত ঘোষ, সভাপতি, দিনাজপুর প্রেস ক্লাব

৫:২০ *ধন্যবাদ জ্ঞাপন*: মোয়াজ্জেম হোসেন, প্রধান নির্বাহী, গ্রাম বিকাশ কেন্দ্র

৫:৩০ আপ্যায়ন

১৮ এপ্রিল ২০১৬ (সোমবার)

বইয়ের মোড়ক উন্মোচন ও প্যানেল আলোচনা

চা শ্রমিক ও স্বল্প-পরিচিত জাতিসত্তার পরিচয়, মানচিত্র ও অধিকার বিষয়ে পুনর্ভাবনা

স্থান: সিবিসিবি সেন্টার, ২৪/সি আসাদ এভিনিউ, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭

৯:০০ নিবন্ধন ও আসন গ্রহণ

৯:৩০ চা জনগোষ্ঠী ও স্বল্প পরিচিত জাতিসত্তার উপর গবেষণা, অনুসন্ধান ও মানচিত্রায়ণের সারসংক্ষেপ উপস্থাপন: ফিলিপ গাইন, পরিচালক ও মূখ্য গবেষক

সভাপতি: অধ্যাপক সাখাওয়াত আলী খান, চেয়ারম্যান, সেড

প্রধান অতিথি: ড. রফিকুল ইসলাম, এমিরিটাস অধ্যাপক, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ

বিশেষ অতিথি: ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি; ড. হোসেন জিল্লুর রহমান, নির্বাহী চেয়ারম্যান, পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্স সেন্টার; সেলিনা হোসেন, বিশিষ্ট কথাসাহিত্যিক এবং হেলেন দের বিক, কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, ইকো কো-অপারেশন, বাংলাদেশ কার্যালয়

১০:১০ বইয়ের মোড়ক উন্মোচন: অন দিন মার্জিনস: ইমেজেস অব টি ওয়ার্কার্স অ্যান্ড এথনিক কমিউনিটিস (প্রান্তের জাতিসত্তা: চা শ্রমিক ও ক্ষুদ্র জাতিসত্তার উপর আলোকচিত্র)

১০:১৫ প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দের বক্তব্য

১১:১৫ চা বিরতি

১১:৪৫ প্যানেল আলোচনা

সভাপতি: মোয়াজ্জেম হোসেন, প্রধান নির্বাহী, গ্রাম বিকাশ কেন্দ্র

সম্মানিত অতিথি ও আলোচক: ড. মোহাম্মদ রাফি, পরিচালক, গবেষণা ও মূল্যায়ন বিভাগ, ব্র্যাক; অধ্যাপক আমেনা মোহসিন, ঢাকা বিশ্ববিদ্যালয়; ড. মোহাম্মদ তানজিমুদ্দিন খান, সহযোগী অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়; সারা মারান্ডি, রিজিওনাল প্রোগ্রাম কোঅর্ডিনেটর, ভলান্টারি সার্ভিস ওভারসীস; পরিমল সিংহ বাড়াইক, সভাপতি, মৌলভীবাজার চা জনগোষ্ঠী আদিবাসী ফ্রন্ট; প্রকাশ কান্তি চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার; মৌসুমী শবনম, নৃতাত্ত্বিক, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়; এবং অনীক আসাদ, কান্ট্রি ডিরেকটর, হেক্স।

১২: ৪৫ মুক্ত আলোচনা

১:৩০ দুপুরের আহার

২:৩০ তথ্যচিত্র 'মাটির মায়া'র প্রথম প্রদর্শনী এবং চা শ্রমিক ও আদিবাসীদের ভূমি অধিকার বিষয়ে আলোচনা

সভাপতি: রবীন্দ্রনাথ সরেন, সভাপতি, জাতীয় আদিবাসী পরিষদ

বিশেষ অতিথি: পঙ্কজ ভট্টাচার্য, সভাপতি, ঐক্যন্যাপ

সম্মানিত অতিথি ও আলোচক: ড. জাকির হোসেন রাজু, অধ্যাপক, মিডিয়া অ্যান্ড কমিউনিকেশন, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ; মানজারে হাসীন মুরাদ, চলচ্চিত্র নির্মাতা; ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া, আইনজীবী, সুপ্রীম কোর্ট; শামসুল হুদা, নির্বাহী পরিচালক, এ্যাসোসিয়েশন ফর ল্যান্ড রিফর্ম অ্যান্ড ডেভেলপমেন্ট; স্বপন সান্তাল, চান্দপুর চা বাগান; বিজয় বুনার্জী, চা শ্রমিক নেতা; বাবুল রবিদাস, আইনজীবী, জয়পুরহাট; ফিলিমন বাস্কে, সহ-সভাপতি, বাগদা ফার্ম ভূমি উদ্ধার সংগ্রাম কমিটি।

১৮ এপ্রিল ২০১৬

সাংস্কৃতিক সন্ধ্যা: আমাদের পরিচয় আমাদের সংস্কৃতি

স্থান: সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণ, ৯৭ আসাদ এভিনিউ মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

৫:৩০ অভ্যর্থনা নৃত্য ও সঙ্গীত

৬:০০ বাংলাদেশের জাতিসত্তাসমূহের পরিচয় নিয়ে সংক্ষিপ্ত উপস্থাপনা—আশা অরনাল ও যোসেফ হাঁসদা

৬:১৫ বাংলাদেশের জাতি পরিচয় ও সাংস্কৃতিক বৈচিত্র্য নিয়ে উন্মুক্ত বক্তৃতা

অতিথি বক্তা: ড. রফিকুল ইসলাম, এমিরিটাস অধ্যাপক, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ এবং মামুনুর রশীদ, বিশিষ্ট অভিনেতা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব

৭:০০ *মঞ্চ পরিবেশনা*: কর্নেলিয়াস হাঁসদার পরিচালনায় সবার জন্য উন্মুক্ত সাংস্কৃতিক সন্ধ্যায় চা জনগোষ্ঠীর একাধিক দল, উত্তরবঙ্গের সান্তাল ও মাহলে এবং উত্তর-মধ্যাঞ্চলের কোচ ও গারো সাংস্কৃতিক দল তাদের ঐতিহ্যবাহী নাচ-গান পরিবেশন করবে।

তথ্যমেলা: চা শ্রমিক ও আদিবাসীদের নিয়ে কাজ করে এমন বেশ কিছু সংগঠন তাদের প্রকাশিত বই, তথ্যচিত্র, পোস্টার, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি প্রদর্শন ও বিক্রি করবে।